



BANGLADESH JEWELLER'S ASSOCIATION
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

প্রেস বিজ্ঞপ্তি

০৪ মে-২০২৪

জুয়েলারি শিল্পে বিপ্লব ঘটাতে বাজুসের পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

সায়েম সোবহান আনভীর বাজুস প্রেসিডেন্টের দায়িত্ব গ্রহণের পর জুয়েলারি শিল্পে বিপ্লব ঘটেছে। বাজুস এখন একটা ব্রান্ডে পরিণত হয়েছে। বাজুস প্রেসিডেন্টের নেতৃত্বে জুয়েলারি শিল্প এগিয়ে যাবে বহুদূর। আজ বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) এর রংপুর জেলা শাখার মতবিনিময় সভায় এমন মন্তব্য করেন বাজুসের সহ-সভাপতি সমিত ঘোষ অপু।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এ ব্যবসাকে আরো শক্তিশালী করতে দেশের সব জুয়েলারি ব্যবসায়ীকে বাজুসের পতাকাতলে ঐক্যবদ্ধ হতে হবে। ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ থাকলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশে আমরাও স্মার্ট জুয়েলারি ব্যবসায়ী হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারব।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বাজুস রংপুর জেলা শাখার সভাপতি এনামুল হক সোহেল। এছাড়া সভায় আরো উপস্থিত ছিলেন বাজুসের সহ-সম্পাদক মোঃ তাজুল ইসলাম লাভলু, কার্যনির্বাহী কমিটির সদস্য মো. সালাম।

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের সাংগঠনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে দেশব্যাপী সাংগঠনিক সফর করছে কেন্দ্রীয় নেতৃত্বদ। এই সফরের অংশ হিসেবে আজ বগুড়ায় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় বাজুসের সহ-সভাপতি মোঃ জয়নাল আবেদীন খোকন বলেন, দেশের শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের নেতৃত্বে জুয়েলারি শিল্পে বিপ্লবের মাধ্যমে দেশের অর্থনীতিকে শক্তিশালী করাসহ সোনা ব্যবসায়ীদের শক্তিশালী করতে সবাইকে বাজুসের পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়।

আলহাজ্ব মতলেবুর রহমান রাতুলের সভাপতিত্ব সভায় আরো উপস্থিত ছিলেন বাজুস কেন্দ্রীয় কমিটির সহ সম্পাদক উত্তম ঘোষ, কার্যনির্বাহী সদস্য মোঃ আলী হোসেন।

দেশের ঐতিহ্যবাহী সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের সাংগঠনিক এই সফরের অংশ হিসেবে আজ পটুয়াখালী, বরগুনা, গাইবান্ধা ও নাটোরেও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ধন্যবাদসহ

রাশেদ রহমান অমিত

মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট

মোবাইলঃ ০১৭৭৪৪৩১৩৮৭

BANGLADESH JEWELLER'S ASSOCIATION

Headquarter: Level-19, Bashundhara City Shopping Complex, Panthapath, Dhaka-1215, Bangladesh.

Hotline: +880-9612120202, Tel: 02-58151012, E-mail: info@bajus.org, www.bajus.org